# বৃথা দর্প

**রজনীকান্ত সেন**

নর কহে, "ধূলিকণা, তোর জন্ম মিছে,
চিরকাল পড়ে রলি চরণের নীচে।"
ধূলিকণা কহে, "ভাই কেন কর ঘৃণা ?
তোমা'র দেহের আমি পরিণাম কিনা ?"

মেঘ বলে, "সিন্ধু, তব জনম বিফল,
পিপাসায় দিতে নারো এক বিন্দু জল"।
সিন্ধু কহে, "পিতৃনিন্দা কর কোন্ মুখে ?
তুমিও অপেয় হবে পড়িলে এ বুকে"।